গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-০৩)

তারিখ: বঙ্গাব্দ / খ্রিস্টাব্দ

বিষয় : ৫ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারের কার্যবিবরণী:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মহোদয় দরবারে উপস্থিত হলে সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দরবার হস্তান্তর করেন অধিদপ্তরের পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স) জনাব লেফটেন্যান্ট কর্ণেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী, এসজিপি, পিএসসি ।

২। পবিত্র ধর্মগ্রন্থ আল-কোরআন থেকে তেলাওয়াত এর মাধ্যমে দরবার শুরু হয়। মহাপরিচালক মহোদয় দরবারে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে তিনি মহান আল্লাহ তালার নিকট শুকরিয়া জ্ঞাপন করে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। বাংলাদেশ সচিবালয়ের অগ্নিকান্ডে দুর্ঘটনায় শহীদ ফায়ারফাইটার জনাব মোঃ সোয়ানুর জামান নয়ন ও চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী জনাব মুন্নাফ শেখ এর রুহের মাগফিরাত কামনা করেন। বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ৭ নং ভবনের অগ্নিকান্ডে অগ্নিনির্বাপণ কাজে অংশগ্রহণ করে সফলভাবে অগ্নিনির্বাপণ করায় সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে ৩ (তিন) লক্ষ টাকা পরিমাণের চেক অগ্নিকান্ডে শহীদ ফায়ারফাইটার জনাব সোয়ানুর জামান নয়ন এর বাবা মোঃ আকতারুজ্জামান ও চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী জনাব মুন্নাফ শেখ এর স্ত্রী জনাব ফরিদা পারভিনের নিকট হস্তান্তর করা হয় এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

৩। পরবর্তীতে এ অধিদপ্তরের প্রশাসনিক, অপারেশনাল, উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম আরো যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে মহাপরিচালক মহোদয় নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন এবং সকল উন্নয়নমূলক কাজে সকলের সহযোগিতা পাওয়ার আশাবাদ প্রকাশ করেন। মহাপরিচালক মহোদয় দরবারের নিম্নোক্ত বিষয়সমূহের উপর দিক নির্দেশনা প্রদান করেন:

| ক্র. নং | বিষয় | দিক নির্দেশনাসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | দুর্ঘটনাস্থলে নিরাপত্তা নিশ্চিতকরণ | অগ্নিকান্ডসহ যেকোনো দুর্ঘটনায় ফায়াফাইটারগণ ভালো রেসপন্স করছে। যেকোনো দুর্ঘটনা মোকাবিলার সময় দুর্ঘটনাস্থলে নেতৃত্বদানকারী কর্মকর্তাকে অংশগ্রহণকারী সকল ফায়ারফাইটারদের তথা কর্মকর্তা কর্মচারীদের নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ নিশ্চিত করতে হবে এবং ফায়ারফাইটারদেরকে পিপিই ও বিএ সেট পরিধান নিশ্চিতসহ নিজেদের নিরাপত্তার বিষয়ে সজাগ থাকতে হবে। সকলে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে এবং মনোবল সঠিক রেখে কাজ করতে হবে। স্পর্শকাতর স্থানে আগুন লাগলে সাথে সাথে মহাপরিচালক মহোদয়কে জানাতে হবে। স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে তাদের সহায়তা নিতে হবে। | পরিচালক (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/ উপসহকারী পরিচালক/সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার/ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২. | কর্মকর্তা/কর্মচারীদের বদলি সংক্রান্ত | কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যারা ৩ বছর বা তদুর্ধ্ব সময় হতে একই কর্মস্থলে কর্মরত রয়েছে তাদেরকে পর্যায়ক্রমে বদলি করা হবে। ঢাকা ও চট্টগ্রাম সিটিতে বদলি বিষয়ে পেশাগত দক্ষতার বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। বদলি বিষয়ে কোনো ধরনের অর্থ লেনদেন করা যাবে না। এ বিষয়ে প্রমাণ পাওয়া গেলে আইন অনুযায়ী কঠোর শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। বদলি বিষয়ে প্রয়োজনবোধে বিভাগের ডিএডি, এডি বা ডিডি পদের কর্মকর্তাগণ সুপারিশ করতে পারবে। প্রয়োজনে পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং মহাপরিচালক এর সাক্ষাৎকারের জন্য প্রেরণ করা যাবে তবে বাহিরের কাউকে দিয়ে তদবির বা সুপারিশের বিষয়ে নিরুৎসাহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সকল) |
| ৩. | মহাপরিচালকের পরিদর্শন | কোনো পর্যায়েই কোনো ধরনের চাঁদা গ্রহণ করা যাবে না। এছাড়া মহাপরিচালক মহোদয় কোন বিভাগীয়/জেলা দপ্তর ও ফায়ার স্টেশন পরিদর্শনকালে কর্মকর্তা/কর্মচারী বা অন্য কারো নিকট হতে কোন চাঁদা গ্রহণ করা যাবে না। পরিদর্শনকালীন কোনো খরচ হলে মহাপরিচালকের দপ্তর হতে তা প্রদান করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/ সহকারী পরিচালক / উপসহকারী পরিচালক/ সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার (সকল) |
| ৪. | গমের পরিরর্তে আটা বিতরণ | ইতোমধ্যে সকল বিভাগ হতে গমের পরিবর্তে আটা প্রদানের বিষয়ে ইতিবাচক মতামত পাওয়া গেছে। প্রাথমিক পর্যায়ে ঢাকায় পরীক্ষামূলকভাবে বিভাগীয় রেশনের গমের পরিবর্তে আটা বিতরণের উদ্যোগ গ্রহণ করা হবে। পরবর্তীতে সকলের মতামতের ভিত্তিতে অবশিষ্ট বিভাগসমূহে বিতরণের পদক্ষেপ নেয়া হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৫. | সংযুক্তি আদেশ | অধিদপ্তরের পূর্বানুমতি ব্যতীত কোনো কর্মকর্তা/কর্মচারীকে কোথাও সংযুক্ত করা যাবে না। অধিদপ্তর হতে লিখিত আবেদনের মাধ্যমে সংযুক্তির কারণ উল্লেখ করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। যেকোনো ধরনের সংযুক্তি ৬ (ছয়) মাসের অধিক হবে না তবে অনুমতি গ্রহণ সাপেক্ষে তা নীতিমালা অনুযায়ী ১ (এক) বৎসর পর্যন্ত করা যেতে পারে। সংযুক্তি আদেশে সংযুক্তির মেয়াদ শেষ হওয়ার তারিখ উল্লেখ থাকবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/ উপসহকারী পরিচালক (সকল) |
| ৬. | ঝুঁকি ভাতা | সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের জন্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঝুঁকিভাতা বৃদ্ধির প্রস্তাব তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৭. | প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | এখন হতে ডিডি/এডি/ডিএডি/এসএসওদের পর্যায়ক্রমে প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) সপ্তাহের প্রশিক্ষণ প্রদান করা হবে; যাতে দায়িত্বপ্রাপ্ত হলে দক্ষতার সাথে তা পালন করতে পারে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:) |
| ৮. | দাফন কাফন | বিভাগীয় কল্যাণ তহবিলের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী চাকুরীরত কর্মকর্তা ও কর্মচারীগণ মৃত্যুবরণ করলে তাদের দাফন কাফনের জন্য ২০০০০/- (বিশ হাজার) টাকার পরিবর্তে এখন হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করার বিধান চালু হয়েছে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৯. | অ্যাম্বুলেন্স সেবা | দায়িত্বপালনকালে কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর লাশ এ বিভাগের অ্যাম্বুলেন্সের মাধ্যমে নিজ বাড়িতে নিয়ে যাওয়ার বিষয়ে বিদ্যমান অ্যাম্বুলেন্স নীতিমালায় কোন কিছু উল্লেখ নেই। তথাপি দায়িত্বপালনকালে কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর লাশ বাহিরের অ্যাম্বুলেন্স ভাড়া করে বাড়িতে পাঠানো হবে। সেক্ষেত্রে ভাড়ার টাকা অধিদপ্তর কর্তৃক প্রদান করা হবে। পরবর্তীতে অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধি সাপেক্ষে দায়িত্বপালনকালে কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর লাশ বহন করার জন্য প্রতি বিভাগে ১টি করে অ্যাম্বুলেন্স বরাদ্দ প্রদানের ব্যবস্থা করা সংক্রান্ত নীতিমালা তৈরি করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ১০. | এক্সটিংগুইশার ব্যবসা | অত্র বিভাগের কোন কর্মকর্তা/কর্মচারী ফায়ার এক্সটিংগুইশার রিফিল ও এ ধরনের ব্যবসার সাথে জড়িত থাকলে সংশিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে এ ধরনের কর্মকান্ড হতে বিরত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যদি এ ধরনের কর্মকান্ড হতে নিবৃত করা না যায় তখন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগ দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ১১. | ফায়ারফাইটার কাম ড্রাইভার | যেসকল ফায়ারফাইটার অনুমোদন সাপেক্ষে ড্রাইভার প্রশিক্ষণ সম্পন্ন করেছেন সেসকল ফায়ারফাইটারের মধ্যে দক্ষদের বাছাই করে ড্রাইভিং এর জন্য নিয়োগ করা যেতে পারে। পরবর্তীতে তাদের এ কাজের জন্য সম্মানী প্রদান করার বিষয়টি বিবেচনা করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল)/এমটিও |
| ১২. | এমটিও | এমটিও কে ডিডি/এডি/ডিএডিদের সাথে সমন্বয়ের মাধ্যমে স্পেশাল গাড়ি ও নৌযানের ড্রাইভার ও ফায়ারফাইটার কাম ড্রাইভারদের প্রশিক্ষণ/ পদায়ন/বদলি বিষয়ে পরিচালক (অর্থ ও প্রশাসন) কে সহযোগিতা করতে হবে। স্পেশাল ভিহিক্যালসহ সকল গাড়ি পাম্প ও সরঞ্জামাদির তথ্যাদি সংরক্ষণ ও রক্ষনাবেক্ষণের বিষয়ে তদারকি করতে হবে। | পরিচালক (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল)/এমটিও |
| ১৩. | ভাল কাজের স্বীকৃতি | প্রতি ৩ মাস অন্তর অন্তর ভাল কাজের স্বীকৃতি হিসেবে কর্মকর্তা ও কর্মচারীদেরকে পুরস্কৃত করা হবে। ইতোমধ্যে এতদবিষয়ে পত্র মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। তবে মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্তৃক নির্বাচিত তালিকা হতে বাছাইকৃত কর্মকর্তা ও কর্মচারীদের পুরস্কার অধিদপ্তর কর্তৃক আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ১৪. | উন্নয়নমূলক কার্যক্রম তদারকিকরণ | মহাপরিচালক মহোদয় কর্তৃক গঠিত মনিটিরিং টিম অধিদপ্তরের নির্দেশনামতে মাঠ পর্যায়ের বিভাগীয় উন্নয়নমূলক কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পরিদর্শন করবেন এবং পরিদর্শন শেষে ছবিসহ উক্ত কার্যক্রমের উপর লিখিত প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন। | পরিচালক (প্রশি: পরি: উন্ন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |
| ১৫ | বাজেট বরাদ্দ হতে অর্থ ব্যয় সংক্রান্ত | জটিলতা এড়ানোর জন্য প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক রিভিউ বাজেট সম্পন্ন না হওয়া পর্যন্ত আপাতত বেতন ভাতা ব্যতীত অন্যান্য খাত হতে অর্থ ব্যয় করা যাবে না। তবে জরুরি প্রয়োজনে অর্থ ব্যয় করতে হলে খরচের খাতসহ হিসাব বিবরনী অধিদপ্তরে প্রেরণ করে অনুমোদন নিতে হবে। বাজেট রিভিউ শেষ হলে এতদসংক্রান্ত কার্যক্রম পূর্বের ন্যায় চলমান থাকবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশি: পরি: উন্ন:)/ (অপা: ও মেইন:) ও উপপরিচালক/সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | নারী কল্যাণ সমিতি | বারিধারা ফায়ার স্টেশন এর লিডার জনাব মোঃ মনির কাউছার এর প্রস্তাবনার প্রেক্ষিতে উপস্থিত সকলের মতামত অনুযায়ী এখন হতে নারী কল্যাণ সমিতি থেকে লোন নিয়ে চাকুরীরত অবস্থায় কেউ মৃত্যুবরণ করলে অপরিশোধিত লোনের অর্থ মওকুফ করা হবে যা নারী কল্যাণ সভায় আলোচনা সাপেক্ষে অনুমোদন করা হবে। নারী কল্যাণ সমিতির সকল ধরনের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য পত্রের মাধ্যমে সকল সদস্যদের অবহিত করতে হবে তবে এ অংশগ্রহণ ঐচ্ছিক হবে।<br><br>লিডার জনাব মোঃ মনির কাউছার জানান নারী কল্যাণ সমিতি নীতিমালা অনুযায়ী কোনো কর্মকর্তা কর্মচারী পিআরএল এ থাকা অবস্থায় মাসিক চাঁদা কর্তন করা হয় না। তিনি পিআরএল অবস্থায় চাঁদা কর্তনের বিষয়টি উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় জানান যে, নারী কল্যাণ সমিতির সভায় এতদবিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেয়া হবে।<br><br>লিডার জনাব মোঃ মনির কাউছার কোনো কর্মকর্তা কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে নারী কল্যাণ সমিতি হতে ৫ (পাঁচ) লক্ষ টাকা প্রদান করার বিষয়টি উপস্থাপন করেন।<br><br>মহাপরিচালক মহোদয় জানান নারী কল্যাণ সমিতির সভায় এতদবিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ও<br>নারী কল্যাণ সমিতি |
| ১৭. | বিভাগীয় কল্যাণ তহবিল | লিডার জনাব মোঃ মনির কাউছার জানান কোনো কর্মকর্তা কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বিভাগীয় কল্যাণ তহবিল হতে ৩ (তিন) লক্ষ টাকা প্রদান করা হয়। উক্ত টাকার পরিমাণ ৩ (তিন) লক্ষ টাকা হতে বাড়িয়ে ৫ (পাঁচ) লক্ষ টাকা করার বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন এবং সদস্যদের আর্থিক হিসাব সংরক্ষণের জন্য একটি সফটওয়্যার ছিল বলে তিনি জানান।<br><br>মহাপরিচালক মহোদয় জানান যে, বিভাগীয় কল্যাণ তহবিলের মাসিক সমন্বয় সভায় উল্লিখিত বিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। বর্তমানে সদস্যগণের আর্থিক হিসাব রেজিষ্টারের মাধ্যমে সংরক্ষণ রাখা হয়। আর্থিক হিসাব সংরক্ষণের জন্য পূর্বের সফটওয়্যাটি ক্রাশ করায় বর্তমানে অকেজো আছে। বিভাগীয় কল্যাণ তহবিলের মাসিক সমন্বয় সভায় সফটওয়্যারের বিষয়ে আলোচনাসাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ও<br>বিভাগীয় কল্যাণ তহবিল শাখা |
| ১৮. | সম্মানী ভাতা | অধিদপ্তরের হিসাব শাখার অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব সুমাইয়া সাদমীন পূর্বে প্রতি বছর অধিদপ্তরসহ প্রতি বিভাগের বাছাইকৃত কর্মকর্তা ও কর্মচারীদের প্রদানকৃত সম্মানীভাতা পুনরায় চালুর বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন যা গত দুই বছর যাবৎ প্রদান করা হচ্ছে না।<br><br>মহাপরিচালক মহোদয় জানান যে, পূর্বে প্রতি বছর অধিদপ্তরসহ প্রতি বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের প্রদানকৃত সম্মানীভাতা পুনরায় চালুর বিষয়ে বিবেচনা করা হবে। যৌক্তিক হলে প্রদানের ব্যবস্থা নেয়া হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/<br>(প্রশি: পরি: উন্ন:)/<br>(অপা: ও মেইন:) |

২। সভায় মহাপরিচালক মহোদয়ের নির্দেশনাসমূহ সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানিয়ে দরবারের কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন)
ও
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-৩) ৬৮৭

তারিখ: ০৫/১০/৩১ বঙ্গাব্দ।
১৯/০১/২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশা: ও অর্থ/অপা: ও মেইন:/প্রশি: পরি: উন্ন:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশা: ও অর্থ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..................................................(সকল)।
৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল/পরিকল্পনা।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..........................................(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ.............................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/ হিসাব/ বাসা বরাদ্দ/নিয়োগ/বদলি /বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/ রেকর্ড/ এইচআরএম/ ডাটা এন্ট্রি/ এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ ওয়্যারহাউজ/ অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ সমিতি।

১৯/০১/২৫

মোঃ জসীম উদ্দিন, বিএফএম (এস)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)